

শিক্ষা

ব্র্যাক ইউনিভার্সিটির নতুন সহ-উপাচার্য আরশাদ মাহমুদ চৌধুরী

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২২ অক্টোবর ২০২৫, ১৮: ৩৩



অধ্যাপক আরশাদ মাহমুদ চৌধুরী ব্র্যাক ইউনিভার্সিটির নতুন সহ-উপাচার্য হয়েছেন ছবি: বিজ্ঞপ্তি

অধ্যাপক আরশাদ মাহমুদ চৌধুরীকে ব্র্যাক ইউনিভার্সিটির নতুন সহ-উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। তার এই নিয়োগ গত সোমবার (২০ অক্টোবর ২০২৫) কার্যকর হয়েছে। গতকাল মঙ্গলবার (২১ অক্টোবর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে ব্র্যাক ইউনিভার্সিটি।

অধ্যাপক আরশাদ মাহমুদ চৌধুরী ২০১৯ সাল থেকে বিএসআরএম স্কুল অব ইঞ্জিনিয়ারিংয়ের ডিন এবং ২০২২ সাল থেকে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) পরিচালক হিসেবে দায়িত্ব পালন

করছেন। এর আগে তিনি নর্থ সাউথ ইউনিভার্সিটিতে বিভিন্ন গুরুত্বপূর্ণ একাডেমিক ও প্রশাসনিক পদে দায়িত্ব পালন করেছেন।

অধ্যাপক আরশাদ মাহমুদ চৌধুরী যুক্তরাষ্ট্রের জর্জিয়া ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি যুক্তরাষ্ট্রের রাইট স্টেট ইউনিভার্সিটি থেকে কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেছেন। তিনি যুক্তরাষ্ট্রে ১৫টি পেটেন্টের সহ-উদ্ভাবক এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত পিয়ার-রিভিউড জার্নাল ও সম্মেলনে ৯৫টির বেশি গবেষণা প্রবন্ধ প্রকাশ ও উপস্থাপন করেছেন।

এ ছাড়া আরশাদ মাহমুদ চৌধুরী পিয়ার-রিভিউড সায়েন্টিফিক জার্নাল আইইইই ফোটনিক টেকনোলজি লেটার্স, জার্নাল অব লাইটওয়েভ টেকনোলজি এবং ওএসএ জার্নাল অব অপটিক্যাল কমিউনিকেশন্স অ্যান্ড নেটওয়ার্কিংয়ের রিভিউয়ার হিসেবে দায়িত্ব পালন করছেন।

